

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (১ম সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাণ্ডরান বাজার, ঢাকা-১২১৫।

Website: www.prdp-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬. ৯৪

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: প্রকল্প বাস্তবায়নে উপপরিচালকগণের কার্যপরিধি নিশ্চিতকরণ সংক্রান্ত।

সূত্র: ১৩ জুলাই, ২০২২ খ্রি: অনুষ্ঠিত আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৩ জুলাই, ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের জুন, ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় প্রকল্প বাস্তবায়নে উপপরিচালকগণের কার্যপরিধি নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রকল্প দলিলে এবং বাস্তবায়ন নির্দেশিকায় উপপরিচালকগণের নিম্নরূপ কার্যপরিধি নির্ধারিত রয়েছে:

- ১। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপপরিচালক জেলা দপ্তর (সকল) বিআরডিবি নিবিড় পর্যবেক্ষণ ও তদারকি করার জন্য দায়ী থাকবেন।
- ২। জেলা দপ্তরে কর্মরত উপপরিচালকগণ প্রকল্পের কার্যক্রমকে প্রাতিষ্ঠানিকীকরণে সহায়তা করবেন।
- ৩। প্রকল্পের দলিলে উল্লেখিত কর্মকর্তাগণের সমন্বয়ে জেলা প্রশাসককে সভাপতি করে জেলা তত্ত্বাবধান ও সমন্বয় কমিটি গঠন করা হবে যেখানে উপপরিচালক বিআরডিবি, সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। উক্ত কমিটি কর্তৃক গৃহীত পরামর্শ ও প্রস্তাব উপপরিচালক, বিআরডিবি নিয়মিতভাবে প্রকল্প সদর কার্যালয়ে প্রেরণ করবেন।
- ৪। প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে পর্যবেক্ষণ ও তত্ত্বাবধানে উপপরিচালক, বিআরডিবি জেলা পর্যায়ে গঠিত কমিটিকে সহায়তা করবেন।
- ৫। ইউআরডিও কর্তৃক প্রেরিত স্কীমের প্রস্তাব সঠিকভাবে যাচাইপূর্বক অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে অনুমোদন করত: উপপরিচালক, বিআরডিবি সংশ্লিষ্ট ইউআরডিও এর নিকট প্রেরণ করবেন।
- ৬। সময়ে সময়ে প্রকল্প কর্তৃক বিভিন্ন নির্দেশনা মাঠ পর্যায়ে বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ করবেন।
- ৭। মাঠের চাহিদাভিত্তিক প্রশিক্ষণের (এফপিটিটি) ক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা আর্থিক বছরের প্রারম্ভে অনুমোদন করবেন।
- ৮। ইউসিসিএম অনুষ্ঠান ও মাঠের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ (এফপিটিটি) প্রদানকালে প্রকল্প সদর কার্যালয়কে অনলাইনে যুক্ত করবেন এবং ইউসিসিএম ও প্রশিক্ষণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করবেন। Zoom ID:5069067277, Password:PRDP3

এমতাবস্থায়, উপর্যুক্ত কার্যপরিধি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকল্প দপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উপপরিচালক

বিআরডিবি, জেলা দপ্তর (সকল)

০২.০৮.২০২২
তপন কুমার মন্ডল
প্রকল্প পরিচালক

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬. ৯৪

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। অফিস কপি।

০২/০৮/২০২২
সেখ আমিনুর ইসলাম
উপপরিচালক